



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 6/8/2022

গভর্নর ক্যাথি হোকল

বাফেলোর বাসিন্দাদের কাছ থেকে কংগ্রেসের সাক্ষ্য গ্রহণের প্রতি সাড়া দিয়ে গভর্নর ক্যাথি হোকলের বিবৃতি

"দুই দিন ধরে আমাদের দেশ আগ্নেয়াস্ত্র সংক্রান্ত সহিংসতার দ্বারা ক্ষতিগ্রস্ত হওয়া লোকজনের বক্তব্য অত্যন্ত মনোযোগ দিয়ে শুনেছে। সাক্ষ্য প্রদানকারী অনেকেই বাফেলো সিটিতে আমার প্রতিবেশী, যেমন জেনেটা এভারহাট, গোলাগুলির ঘটনা থেকে অলৌকিকভাবে বেঁচে যাওয়া এক তরুণের মা, এবং গার্নেল হুইটফিল্ড জুনিয়র, যিনি এই অর্থহীন আগ্নেয়াস্ত্র সংক্রান্ত সহিংসতার ঘটনায় মর্মান্তিকভাবে নিজের মাকে হারিয়েছেন। ভুক্তভোগী, পরিবারের সদস্য, আইন প্রয়োগকারী সংস্থা এবং মেডিকেল পেশাজীবীরা তাদের প্রত্যেকের গল্পগুলো শেয়ার করতে এবং ওয়াশিংটনের প্রতি একটি একতাবদ্ধ আবেদন জানাতে একত্রিত হয়েছেন, যে আবেদনটি হলো: এখনই পদক্ষেপ গ্রহণের সময়।

আর সেকারণেই আমি কংগ্রেসের প্রতি দেশব্যাপী সেমি-অটোমেটিক অস্ত্র ক্রয়ের বয়সসীমা বৃদ্ধি করা সহ নতুন আগ্নেয়াস্ত্র নিরাপত্তা আইন পাশ করতে আহবান জানাচ্ছি। এখানে নিউ ইয়র্কে আমরা আগ্নেয়াস্ত্র সংক্রান্ত সহিংসতার বিস্তার বন্ধ করতে আমাদের সাধ্যমতো সবরকম প্রচেষ্টা চালাচ্ছি, কিন্তু একটি স্টেট একা এই সমস্যার সমাধান করতে পারবে না। যদিও আমাদের হোমটাউন ইতোমধ্যে বিধ্বস্ত হয়ে গেছে, ফেডারেল পর্যায়ে শক্তিশালী পদক্ষেপ গ্রহণ ভবিষ্যতে মর্মান্তিক ঘটনা প্রতিরোধ করার ক্ষমতা রাখে। এই গুরুত্বপূর্ণ মুহূর্তে বাফেলো - ও আমেরিকার - এর চেয়ে কম কিছু প্রাপ্য নয়।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418